# ইরান কখনো যুদ্ধবিরতি বা চুক্তিতে আগ্রহী হয়নি: পররাষ্ট্রমন্ত্রী



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আরাগচি। ছবি: সংগৃহীত

ইরান কখনো যুদ্ধবিরতি বা সমঝোতার প্রস্তাব দেয়নি বলে জানিয়েছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের চলমান উত্তেজনার প্রেক্ষাপটে তিনি বলেন, তেহরান আলোচনার পথ খোলা রাখলেও সংঘাত থামানোর উদ্যোগ তাদের পক্ষ থেকে নেওয়া হয়নি।

আরাগচি বলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে সংলাপে ফেরার কোনো যৌক্তিকতা তারা দেখছেন না। তাঁর অভিযোগ, আলোচনার প্রক্রিয়া চলাকালেই ওয়াশিংটন ইরানের ওপর হামলার সিদ্ধান্ত নেয়।

তিনি আরও দাবি করেন, এই সংঘাত মূলত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও যুক্তরাষ্ট্রের পছন্দের যুদ্ধ, আর ইরান নিজেদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিরক্ষামূলক অবস্থান অব্যাহত রাখবে।

এর আগে ট্রাম্প বলেছিলেন, ইরান একটি সমঝোতায় যেতে আগ্রহী। তবে প্রস্তাবিত শর্তগুলো সন্তোষজনক নয় উল্লেখ করে তিনি সেই চুক্তিতে সম্মতি দেননি।

LENS ASIA